অভিসরণ

# অভিসরণ /ABHISARON

ISSN – 3139-4027 (Online)
A Multilingual International Peer reviewed Research Journal
web: www.abhisaron.com

## সম্পাদকীয়

'অভিসরণ' - একটি আন্তর্জাতিক পিয়ার রিভিউ অনলাইন রিসার্চ জার্নাল। বছরে দুটি সংখ্যা প্রকাশিত হয় এই পত্রিকার । একটি জানুয়ারি সংখ্যা, অন্যটি জুলাই সংখ্যা। পত্রিকায় প্রেরিত প্রবন্ধগুলো সম্পাদকীয় কমিটি দ্বারা নির্দিষ্ট নিয়মানুসারে নির্বাচিত হলে তবেই প্রকাশিত হবে। পত্রিকায় প্রবন্ধ পাঠানোর জন্য ই মেল করতে হবে - editorial @abhisaron.com/abhisaronjournal@gmail.com এই আইডি তে। প্রত্যেক সংখ্যা প্রকাশের অন্ততপক্ষে এক মাস আগে প্রবন্ধ পাঠাতে হবে। প্লেজিয়ারিজম পরীক্ষা করে তবেই প্রকাশিত হবে। গবেষণামূলক এই পত্রিকার উদ্দেশ্য সাহিত্য, সংস্কৃতি ও সংশ্লিষ্ট মানববিদ্যা বিষয়ক গবেষণাকে একটি গঠনমূলক ও একাডেমিক পরিসর প্রদান করা। বর্তমান সময়ে ক্রমবর্ধমান গভীর গবেষণা ও পদ্ধতিগত বিশ্লেষণের প্রয়োজনীয়তার দিকে লক্ষ্য রেখে 'অভিসরণ'-এর স্বতঃস্ফূর্ত আত্মপ্রকাশ ঘটেছে।

এই পত্রিকাটি স্পষ্টভাবে গবেষণাধর্মী চরিত্র বজায় রাখে। তাই অভিসরণ-এ কবিতা, ছোটোগল্প, ব্যক্তিগত প্রবন্ধ প্রকাশিত হয় না। এখানে কেবলমাত্র মৌলিক, তথ্যনির্ভর, তাত্ত্বিকভাবে সুসংহত এবং যথাযথ গবেষণা-পদ্ধতি অনুসরণকারী গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়। সাহিত্যতত্ত্ব, সাহিত্য ,ইতিহাস, তুলনামূলক সাহিত্য, লোকসংস্কৃতি, অনুবাদতত্ত্ব, সাংস্কৃতিক অধ্যয়ন ও আন্তঃবিষয়ক গবেষণার মতো ক্ষেত্রগুলিকে এই পত্রিকা বিশেষ গুরুত্ব দেয়। 'অভিসরণ' গবেষণার মান ও একাডেমিক সততাকে সর্বোচ্চ অগ্রাধিকার দেয়। প্রতিটি প্রবন্ধ নির্বাচনের ক্ষেত্রে বিষয়ের প্রাসঙ্গিকতা, গবেষণার নতুনত্ব, বিশ্লেষণের গভীরতা এবং তথ্যসূত্রের যথার্থতা বিচার করা হয়। এই পত্রিকা গবেষকদের যুক্তিনিষ্ঠ চিন্তা, নতুন দৃষ্টিভঙ্গি ও সমালোচনামূলক অনুসন্ধানকে উৎসাহিত করে, যাতে গবেষণাচর্চা আরও সমৃদ্ধ ও আন্তর্জাতিক মানসম্পন্ন হয়ে ওঠে। 'অভিসরণ' ভবিষ্যতের দিকে দৃঢ় লক্ষ্য রেখে এগিয়ে চলেছে। গবেষণামূলক লেখালেখির একটি বিশ্বাসযোগ্য ও দীর্ঘস্থায়ী মঞ্চ নির্মাণ করাই এর প্রধান উদ্দেশ্য। এই পত্রিকার অন্যতম

অভিসরণ

# অভিসরণ /ABHISARON

**ISSN – 3139-4027 (Online)**

**A Multilingual International Peer reviewed Research Journal**

**web: www.abhisaron.com**

**বৈশিষ্ট্য হলো নবীন ও প্রতিষ্ঠিত—উভয় ধরনের লেখকদের লেখাকে সমান গুরুত্ব দিয়ে তুলে ধরা এবং সাহিত্যের নান্দনিকতা ও সমাজসচেতন দৃষ্টিভঙ্গিকে একসূত্রে বাঁধা।গবেষণার মান, পদ্ধতিগত স্বচ্ছতা ও বৌদ্ধিক সততার উপর বিশেষ গুরুত্ব আরোপ করে গবেষণাচর্চায় একটি নির্ভরযোগ্য ও গুরুত্ববহ প্ল্যাটফর্ম হয়ে ওঠার লক্ষ্য নিয়ে এগিয়ে চলেছে।**

Ranjit Adak

সম্পাদক

ড. রঞ্জিত আদক

সহ সম্পাদক

ড. সালেহা খাতুন